2 / DEC 1991

তারিখ 27 DEC 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

# যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষায় পাস করেছে ৪৮.৩৭ ভাগ

কাগজ প্রতিবেদক : গতকাল বৃহস্পতিবার যশোর শিক্ষাবোর্ডের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এবার বোর্ডে ছাত্রছাত্রীদের পাসের হার ৪৮.৩৭ ভাগ। পরীক্ষায় অংশগ্রহণকারী ৪৭,৪২৩ জন ছাত্রছাত্রীর মধ্যে পাস করেছে ২২,৯৪২ জন। পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে রয়েছে প্রথম বিভাগে ২,৬২৬, দ্বিতীয় বিভাগে ৯,১১৭ এবং তৃতীয় বিভাগে ১১,১৯৯ জন।

## বিজ্ঞান বিভাগ

বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে খান ওয়াসিউদ্দিন মাহমুদ। সে বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র। নম্বর পেয়েছে ৯৫১। তাঁর রোল ক্যাডেট-৪। দ্বিতীয় হয়েছে পারভেজ রহমান। নম্বর পেয়েছে ৯৪৪। সেও বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র। তার রোল-১১। তৃতীয় স্থান অধিকার করেছে মোহাম্মদ কামরুজ্জামান। তার রোল যশোর ১২০, পেয়েছে ৯২৭ নম্বর। সে যশোর এম,এম সরকারি কলেজের ছাত্র।

## মানবিক বিভাগ

মানবিক বিভাগে প্রথম হয়েছে মোহাম্মদ রাইবুল ইসলাম। রোল কুষ্টিয়া ৮১৯। নম্বর পেয়েছে ৮২৬। সে কুষ্টিয়া সরকারি কলেজের ছাত্র। এ বিভাগে দ্বিতীয় হয়েছে রুবিনা খাতুন। পেয়েছে ৮১৬ নম্বর। সে খুলনা সরকারি মহিলা কলেজের ছাত্রী। তৃতীয় হয়েছে মোহাম্মদ সাইফুর রহমান তালুকদার। সে বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র। পেয়েছে ৮১২ নম্বর।

## বাণিজ্য বিভাগ

বাণিজ্য বিভাগে প্রথম হয়েছে যশোর ক্যান্টনমেন্ট কলেজের ছাত্র সাজ্জাদ কবির মোহাম্মদ শরিফুল আলম। তার রোল যশোর ক্যান্টঃ ২৯৭। পেয়েছে ৭৬৩ নম্বর। কুষ্টিয়া সরকারি কলেজের ছাত্র মোঃ তাইবুর রহমান অধিকার করেছে দ্বিতীয় স্থান। তৃতীয় স্থান অধিকার করেছে দু'জন। এদের মধ্যে রয়েছে যশোর আজম খান কমার্স কলেজের ছাত্র মোঃ নাসিরুদ্দিন এবং যশোর ক্যান্টনমেন্ট কলেজের মোঃ আনোয়ার হোসেন। তারা পেয়েছে ৭৪৬ নম্বর।

বিজ্ঞান বিভাগে মেয়েদের মধ্যে প্রথম হয়েছে তানবীর জাহান শাপলা। তার রোল খুলনা ম-৮৪। সে পেয়েছে ৮৮১ নম্বর।